দপ্তর
নির্বাহী পরিচালক (অপারেশন)
বিদ্যুৎ ভবন (৩য় তলা)
১ নং অব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
ফোনঃ ০২-২২৩৩৮৩৪০৭
E-mail: edo@dpdc.org.bd

# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)
Web-site: www.dpdc.org.bd

স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯-২৬ তারিখ: ১৯/০৮/২০২১ ইং।

**বিষয়ঃ ডিপিডিসি'র এপিএ টিমের ১ম সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | জনাব আবদুর রউফ খান, নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি। |
| সভার তারিখ | ১৭/০৮/২০২১ খ্রি. |
| সভার সময় | ০৩.৩০ টায় |
| স্থান | নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি এর দপ্তর কক্ষ |
| উপস্থিতি | সভায় নির্বাহী পরিচালক (প্রকৌশল), নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), মহাব্যবস্থাপক (এইচআর / আইসিটি), প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল/উন্নয়ন), উপ-মহাব্যবস্থাপক (অর্থ), রেগুলেটরি অ্যাফেয়ার্স এবং ব্যবস্থাপক, অর্থ (এফএমএ) উপস্থিত ছিলেন। |

আলোচ্যসূচি: ১) ডিপিডিসি'র সকল এনওসিএস দপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের এপিএর লক্ষ্যমাত্রা নির্ধারণ।
২) ডিপিডিসি'র সকল দপ্তরের মধ্যে এপিএ চুক্তি স্বাক্ষরের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী অগ্রসর হওয়ার জন্য সদস্য সচিব, এপিএ মূল কমিটি-কে আহবান জানান। সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে সদস্য সচিব ১ নং আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি: ১) ডিপিডিসি'র সকল এনওসিএস দপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা নির্ধারণ।**

**আলোচনা:**
সদস্য সচিব, এপিএ মূল কমিটি সভাকে অবহিত করেন যে, বিগত ৩০ জুন, ২০২১ খ্রি. তারিখে বিদ্যুৎ সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এবং ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি মহোদয়ের মধ্যে ২০২১-২০২২ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং যথারীতি ডিপিডিসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়াও ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি মহোদয়ের সাথে নির্বাহী পরিচালক মহোদয়গণের মধ্যে এপিএ চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং ডিপিডিসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ।সে ধারাবাহিকতায় অন্যান্য সকল দপ্তরের এপিএ চুক্তি স্বাক্ষর করা আবশ্যক। অতি সম্প্রতি জুন, ২০২১ মাসের সিস্টেম লস, বকেয়া হ্রাস, আদায়-বিল অনুপাত প্রভৃতি চুড়ান্ত করা হয়েছে। সে কারণে সকল এনওসিএস দপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আবশ্যক। এ পর্যায়ে নির্বাহী পরিচালক (অপারেশন) ও এপিএ টিম লিডার, ডিপিডিসি মহোদয় বলেন যে, বিদ্যুৎ বিভাগ কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা ডিপিডিসি'র সকল এনওসিএস দপ্তরের মধ্যে যুক্তিসংঙ্গতভাবে বন্টন করা প্রয়োজন। তিনি এ বিষয়ে অগ্রগতি সম্পর্কে জানতে চান।

**সিস্টেম লস**
মহাব্যবস্থাপক (আইসিটি) সভাকে অবহিত করেন যে, সকল এনওসিএস দপ্তরের বিগত ৫ বছরের গ্রাহকদের বিদ্যুৎ ব্যবহারের বর্ধিত চাহিদা, বিদ্যুৎ আমদানির পরিমান ও ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা বিবেচনা করে সিস্টেম লসের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন। উপস্থিত এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) দপ্তরের প্রধান প্রকৌশলীগণ বলেন যে, যে পদ্ধতিতে সিস্টেম লসের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে, তা যথেষ্ট যুক্তিসংঙ্গত। সিস্টেম লসের এ লক্ষ্যমাত্রাগুলিকে চুড়ান্ত করার পক্ষে মতামত দেন।

**বিদ্যুৎ কালেকশন-বিল ও বকেয়া হ্রাস**

মহাব্যবস্থাপক (আইসিটি) সভাকে অবহিত করেন যে, সকল এনওসিএস দপ্তরের বিগত ৫ বছরের গ্রাহকদের বিদ্যুৎ বিল প্রদানের হার, সরকারি ও বেসরকারি বকেয়া আদায়ের হার বিশেষকরে কিছু গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের বকেয়া ও চলতি বিল অনাদায় সংযোগ বিচ্ছিন্নকরণে সমস্যা, মামলা আছে এমন গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্নকরণে আইনগত জটিল প্রভৃতিকে বিবেচনায় নিয়ে বিদ্যুৎ

কালেকশন-বিল ও বকেয়া হ্রাসের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন। উপস্থিত এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) দপ্তরের প্রধান প্রকৌশলীগণ এ লক্ষ্যমাত্রাগুলিকে চুড়ান্ত করার পক্ষে মতামত দেন।

**১১ কেভি ফিডারে সাইদি (SAIDI) পরিমাপে স্বয়ংক্রীয় ব্যবস্থায় উন্নীতকরণ, সাইদি, সাইফি এবং ওভারলোডেড ট্রান্সফরমারের সংখ্যা হ্রাস**

সভাপতি মহোদয় ২০২১-২২ অর্থবছরে ১১ কেভি ফিডারে সাইদি (SAIDI) পরিমাপে স্বয়ংক্রীয় ব্যবস্থায় উন্নীতকরণ, সাইদি, সাইফি'র লক্ষ্যমাত্রার উপর আলোকপাত করেন। এ বিষয়ে মহাব্যবস্থাপক (আইসিটি) বলেন যে, বর্তমানে ১৩৪টি ১১ কেভি ফিডারে স্বয়ংক্রীয় ব্যবস্থায় সাইদি (SAIDI) পরিমাপ করা হচ্ছে এবং এর ফলাফল আশাব্যাঞ্জক নয়।আগামীতে আরো ১১০টি ফিডারে স্বয়ংক্রীয় ব্যবস্থায় উন্নীতকরণের লক্ষ্যমাত্রা আছে। সাইদি ও সাইফি পরিমাপে ম্যানুয়াল পদ্ধতির পাশপাশি স্বয়ংক্রীয় পদ্ধতিও বিবেচনা করা হবে। তাই এক্ষেত্রে সতর্কতার সাথে প্রতিটি এনওসিএস দপ্তরের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন। এ পর্যায়ে উপস্থিত এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) দপ্তরের প্রধান প্রকৌশলীগণ বলেন যে, মূল লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্য করে তারা প্রতিটি এনওসিএস দপ্তরের লক্ষ্যমাত্রা নির্ধারণ করবেন।

পরবর্তীতে অন্যান্য সূচকের লক্ষ্যমাত্রা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় আগামী ২৯.০৮.২০২১ খ্রি. তারিখের মধ্যে সকল এনওসিএস দপ্তর, সার্কেল ও জোন ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র চুক্তি স্বাক্ষর করে টিম লিডার, এপিএ মূল কমিটি, ডিপিডিসি বরাবর প্রেরণের বিষয়ে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** আগামী ২৯.০৮.২০২১ খ্রি. তারিখের মধ্যে সকল এনওসিএস দপ্তর, সার্কেল ও জোন ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র চুক্তি স্বাক্ষর করে টিম লিডার, এপিএ মূল কমিটি, ডিপিডিসি বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো।

**আলোচ্যসূচি: ২) ডিপিডিসি'র সকল দপ্তরের মধ্যে এপিএ চুক্তি স্বাক্ষরের অগ্রগতি সম্পর্কে আলোচনা।**

**আলোচনা:**

সদস্য সচিব, এপিএ মূল কমিটি সভাকে অবহিত করেন যে, এনওসিএস দপ্তর ছাড়া অন্যান্য সকল দপ্তরের জন্য নির্বাহী পরিচালকবৃন্দ এবং প্রধান প্রকৌশলী/ মহা-ব্যবস্থাপক হতে নির্বাহী প্রকৌশলী/ ব্যবস্থাপক পর্যন্ত সকল কর্মকর্তাকে স্ব স্ব উর্ধ্বতন কর্মকর্তার সাথে এপিএ স্বাক্ষরের নিমিত্তে খসড়া এপিএ প্রস্তুত করে ২২.০৮.২০২১ খি: তারিখের মধ্যে টিম লিডার, এপিএ টিম বরাবর প্রেরনের জন্য গত ১৬.০৮.২০২১ খি: তারিখে স্মারক নং: ৮৭.২০১.৪২৮.০০.০০.০০৩.২০১৯-২৬ এর মাধ্যমে একটি সার্কুলার জারি করা হয়েছে। এছাড়াও মৌখিকভাবে তাগাদা প্রদান করা হচ্ছে। এ পর্যায়ে সভাপতি মহোদয় উপস্থিত নির্বাহী পরিচালক (প্রকৌশল) ও নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) মহোদয়গণকে আওতাধীন নিজ নিজ দপ্তরকে নির্দিষ্ট সময়ের মধ্যে চুক্তি স্বাক্ষরের বিষয়ে তদারক করার জন্য অনুরোধ জানান।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

**সিদ্ধান্ত:** নির্বাহী পরিচালকবৃন্দ হতে নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক পর্যন্ত সকল কর্মকর্তা ২৯.০৮.২০২১ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব উর্ধ্বতন কর্মকর্তার সাথে এপিএ স্বাক্ষর করার বিষয়ে উপ-মহাব্যবস্থাপক, অর্থ, রেগুলেটরি অ্যাফেয়ার্স প্রয়োজনীয় মনিটরিং করবেন।

পরিশেষে সভাপতি মহোদয় সভায় অংশগ্রহণকারী সকলকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২১/০৮/২০২১

(জনাব আবদুর রউফ খান)
নির্বাহী পরিচালক (অপারেশন),
ও
টিম লিডার, এপিএ মূল কমিটি, ডিপিডিসি।